



রপ্তানি উন্নয়ন ব্যুরো  
১, কাওরান বাজার, ঢাকা



বিষয়ঃ রপ্তানি উন্নয়ন ব্যুরোর নৈতিকতা কমিটির সভার কার্য বিবরণী

সভাপতি	এ. এইচ. এম. আহসান ভাইস-চেয়ারম্যান
সভার তারিখ	২২ সেপ্টেম্বর ২০২০
সভার সময়	বিকাল ৩.৩০ মিনিট
স্থান	সম্মেলন কক্ষ, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা।
উপস্থিতি	সংযুক্তি (পরিশিষ্ট - ক)

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ব্যুরোর শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাস্তবায়ন, নৈতিকতা কমিটির সভা, প্রশিক্ষণ ইত্যাদি নিয়মিত আয়োজনের মাধ্যমে রপ্তানি উন্নয়ন ব্যুরোর সার্বিক কর্মকান্ড ও ব্যবস্থাপনায় শুদ্ধাচারের চর্চা করতে হবে। ব্যুরোর শুদ্ধাচার কর্মপরিকল্পনার পূর্ণাঙ্গ বাস্তবায়নের উপর তিনি বিশেষভাবে গুরুত্ব আরোপ করেন। তিনি প্রশাসন বিভাগকে আলোচ্য বিষয় সমূহ উপস্থাপনের অনুরোধ জানান। সভায় আলোচ্য বিষয়ে বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১.	নৈতিকতা কমিটি পুনর্গঠনঃ ইতোপূর্বে গঠিত নৈতিকতা কমিটির কয়েকজন সদস্যের বদলী জনিত কারনে মন্ত্রিপরিষদ বিভাগের এতদসংক্রান্ত পরিপত্রের আলোকে তা পুনর্গঠন প্রয়োজন।	মন্ত্রিপরিষদ বিভাগের পরিপত্রের আলোকে কমিটি পুনর্গঠন করতে হবে। ব্যুরোর ভাইস চেয়ারম্যানের সভাপতিত্বে মহা পরিচালক-২ কে অন্তর্ভুক্ত করে এবং প্রোগ্রামারকে সদস্য সচিব করে নতুন কমিটির প্রস্তাব অবিলম্বে পেশ করতে হবে।	প্রশাসন বিভাগ
০২.	ব্যুরোর সিটিজেন চার্টার হালনাগাদকরণঃ : ব্যুরোর একটি সিটিজেন চার্টার রয়েছে, যা প্রণয়নের পরে হালনাগাদ করা হয়নি। এটি হালনাগাদ করে সকল সেবাগ্রহিতার উদ্দেশ্যে প্রকাশ করা প্রয়োজন।	ব্যুরোর সিটিজেন চার্টার আগামী এক মাসের মধ্যে হালনাগাদ করতে হবে এবং তা ব্যুরোর দপ্তরের কয়েকটি স্থানে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।	প্রশাসন বিভাগ
০৪.	হেল্প ডেস্ক স্থাপনঃ জাতীয় শুদ্ধাচার কৌশলের অন্যতম লক্ষ্য অংশীজনদের দ্রুততম সময়ে সেবা প্রদান বিধায় ব্যুরোতে একটি হেল্প ডেস্ক থাকা প্রয়োজন।	স্বল্পতম সময়ে হেল্প ডেস্ক স্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং ব্যুরোর সহকারী জনসংযোগ কর্মকর্তাকে তাঁর নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে হেল্প ডেস্ক এর অতিরিক্ত দায়িত্ব নিযুক্ত করতে হবে।	প্রশাসন বিভাগ
০৫.	<b>Human Resource ও Account Payroll</b> সফটওয়্যার সংগ্রহ। (ক) রপ্তানি উন্নয়ন ব্যুরোর কর্মকর্তা কর্মচারীদের বেতন, অন্যান্য খরচ এবং মানবসম্পদ ব্যবস্থাপনা সংক্রান্ত সকল কাজ ম্যানুয়াল পদ্ধতিতে সম্পন্ন হয়। এতে প্রচুর সময় ব্যয় হয় এবং ভুল ভ্রান্তি থাকে। বার্ষিক কর্মসম্পাদন পদ্ধতিতে সেবা সহজীকরণ করার জন্য ব্যুরোর অঙ্গীকার রয়েছে। একটি একীভূত <b>HR ও Account Payroll</b> সফটওয়্যার সংগ্রহ করা হলে এসব সেবা সহজ ও দ্রুত সম্পন্ন করা যায়। কাজেই যথাশীঘ্র ব্যুরোর কর্মচারীদের বেতন সহ অন্যান্য খরচের হিসাব সংরক্ষণ এবং মানবসম্পদ ব্যবস্থাপনা সংক্রান্ত সকল কাজের জন্য সফটওয়্যার সংগ্রহ করা যেতে পারে। (খ) যে সকল সংস্থা/দপ্তর বেতন, ভাতা ইত্যাদির হিসাব বর্তমানে <b>offline</b> এ করে তাদের জন্য অর্থ বিভাগ <b>iBAS</b> এর অনুরূপ একটি সফটওয়্যার তৈরী করেছে সেটি সংগ্রহের উদ্যোগ অবিলম্বে গ্রহণ করা প্রয়োজন।	(ক) <b>Human Resource ও Account Payroll</b> সফটওয়্যার দ্রুত সংগ্রহের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। (খ) ইতোপূর্বে এ বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ যথাশীঘ্র অর্থবিভাগ হতে উক্ত বেতন সংক্রান্ত সফটওয়্যার সংগ্রহের কার্যক্রম গ্রহণ করবে।	অর্থ বিভাগ
০৬.	শুদ্ধাচার কর্ম পরিকল্পনা বাস্তবায়নের উদ্দেশ্যে সফটওয়্যার ও হার্ডওয়্যার ক্রয়ের প্রয়োজন হলে মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন অনুসরণ করে বাণিজ্য মন্ত্রণালয়ের মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগে প্রস্তাব প্রেরণ করা যেতে পারে।	সেবা সহজিকরণের জন্য সফটওয়্যার ও হার্ডওয়্যার ক্রয়ের জন্য প্রয়োজন হলে এতদসংক্রান্ত তহবিল হতে অর্থ বরাদ্দের জন্য বাণিজ্য মন্ত্রণালয়ের মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগে প্রস্তাব দিতে হবে।	প্রশাসন বিভাগ

০২। সভায় আলোচনার জন্য আর কোন বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

এ. এইচ. এম. আহসান  
ভাইস-চেয়ারম্যান

তারিখ: ১৬ আশ্বিন ১৪২৭  
০১ অক্টোবর ২০২০

স্মারক নম্বর: ২৬.০২.০০০০.০৪৬.০৫.০০২.১৯.৫৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক, মহা-পরিচালক-২ এর দপ্তর, বাংলাদেশ রপ্তানি উন্নয়ন ব্যুরো
- ২) সচিব, সচিব এর দপ্তর, বাংলাদেশ রপ্তানি উন্নয়ন ব্যুরো
- ৩) পরিচালক, নীতি বিভাগ, রপ্তানি উন্নয়ন ব্যুরো
- ৪) প্রকল্প পরিচালক, Bangladesh China Friendship Exhibition Centre(BCFEC) প্রকল্প, রপ্তানি উন্নয়ন ব্যুরো
- ৫) পরিচালক, মেলা ও প্রদর্শনী বিভাগ, রপ্তানি উন্নয়ন ব্যুরো
- ৬) পরিচালক, পণ্য বিভাগ, রপ্তানি উন্নয়ন ব্যুরো
- ৭) পরিচালক, বস্ত্র সেল, রপ্তানি উন্নয়ন ব্যুরো
- ৮) উপ-পরিচালক, প্রশাসন বিভাগ, রপ্তানি উন্নয়ন ব্যুরো
- ৯) উপ-পরিচালক, অর্থ বিভাগ, রপ্তানি উন্নয়ন ব্যুরো
- ১০) প্রোগ্রামার, আইসিটি সেল, রপ্তানি উন্নয়ন ব্যুরো









এ. এইচ. এম. আহসান  
ভাইস-চেয়ারম্যান

রপ্তানি উন্নয়ন ব্যুরো  
ঢাকা

বিষয়	: নৈতিকতা কমিটির সভা।
তারিখ	: ২২ সেপ্টেম্বর ২০২০ (সম্মেলনবার)
সময়	: ২.৩০ টা
সভাপতি	: ডাইস-চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা
স্থান	: সম্মেলন কক্ষ, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা :

ক্রঃ নং	কর্মকর্তার নাম ও পদবী	স্বাক্ষর
১.	ডায়েরী/সি.সি. হোসেন অতিরিক্ত সচিব	
২.	মাহবুবুল হক হুসাইন সিনিয়র সিস্টেম অফিসার	 22.9.2020
৩.	মাহমুদুল হাসান পরিচালক (সেল)	
৪.	মোঃ মাহমুদুল হক সিনিয়র সিস্টেম অফিসার	 22/09/2020
৫.	মোঃ আব্দুল কাদের খান সিনিয়র সিস্টেম অফিসার	 22/9/20
৬.	মোঃ মাহমুদুল হক সিনিয়র সিস্টেম অফিসার (প্রোগ্রাম)	 22/09/2020
৭.	মোঃ বেহেদী হুসাইন সিনিয়র সিস্টেম অফিসার	 22/09/20